

বঙ্গবন্ধু পরিষদ অস্ট্রেলিয়ার আয়োজনে
স্বাধীনতা দিবস ও বঙ্গবন্ধুর জন্মোৎসব পালিত

কায়সার আহমেদ: ২৯শে মার্চ ২০০৮ শনিবার সিডনিতে যৌথভাবে পালিত হলো বাংলাদেশের স্বাধীনতা দিবস ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৮৯তম জন্মোৎসব। উৎসব মুখর এই অনুষ্ঠানটিকে সাজানো হয়েছিল তিনটি পর্বে। প্রথম পর্বে ছিল স্বাধীনতা দিবস ও বঙ্গবন্ধুর রাজনৈতিক দর্শনের উপর আলোকপাত। দ্বিতীয় পর্বে ছিল সিডনির গুনি শিল্পীদের 'স্বাধীনতা ও মুক্তিযুদ্ধ' বিষয়ক মনোজ্ঞ সঙ্গীতানুষ্ঠান। তৃতীয় পর্বে নৈশ ভোজ ও মুক্তিযুদ্ধের স্মৃতিচারন। অনুষ্ঠানে বিশেষ অতিথি



হিসেবে উপস্থিত ছিলেন যুক্তরাজ্য আওয়ামী লীগের সাধারণ সম্পাদক অধ্যাপক আবুল হাশেম।

জাতীয় সঙ্গীত ও স্বাধীনতা যুদ্ধের শহীদদের প্রতি শ্রদ্ধা

জানিয়ে এক মিনিট দাড়িয়ে নিরবতা পালনের মধ্যে দিয়ে অনুষ্ঠানের প্রথম পর্ব শুরু হয়। সভাপতিত্ব করেন বঙ্গবন্ধু পরিষদের ভারপ্রাপ্ত সভাপতি মোহাম্মাদ উসমান গনি। পর্বটি পরিচালনার দায়িত্বে ছিলেন সংগঠনের সাধারণ সম্পাদক ড. রোনাল্ড পাত্র, তার আহ্বানে সংগঠনের পক্ষ থেকে শুভেচ্ছা বক্তব্য রাখেন সংগঠনের সহ-সভাপতি ডা. লাভলী রহমান। সভাপতির সমাপ্তি ভাষনে উসমান গনি অনুষ্ঠানে উপস্থিত সবাইকে এবং অনুষ্ঠানের নৈশ ভোজ আয়োজনে বিশেষ অবদান রাখার জন্য জনাব আব্দুস সাদেক, ড. নিজাম, মো: রফিকউদ্দিন, হোসেন আরজু, খন্দকার মেরাজ ও তাদের পত্নীদের বিশেষ ধন্যবাদ জানান।

দ্বিতীয় পর্ব নাচে গানে ভরপুর পরিকল্পিত সঙ্গীতানুষ্ঠানটি সফলতার সাথে পরিচালনা করেন পরিষদের সদস্য শাহীন মোহাম্মদ আমানউল্লাহ। তাকে সহযোগিতা করেন আল নোমান শামীম। অনুষ্ঠানটি ছিল প্রানবন্ত ও উপভোগ্য।

তৃতীয় পর্বের আয়োজনে ছিল রাতের খাবার। সংগঠকদের সাথে আলোচনা করে জানা যায় যে এবার তারা কোন ক্যাটারারকে খাবারের দায়িত্ব দেননি। রান্নাবান্নার দায়িত্বে ছিলেন পরিষদের সদস্যদের গৃহিনীবৃন্দ। বিষয়টি প্রশংসার দাবী রাখে বলে অনেকেই মন্তব্য করেন। রাত দশটায় অনুষ্ঠানের সমাপ্তি হয়।

